Series : RQ3SP

SET~4

প্রশ্নপত্র কোড
Q.P. Code 5

রোল নং.
Roll No. | | | | | | | | |

প্রার্থীরা উত্তরপত্রের আখ্যাপত্রে অবশ্যই প্রশ্নপত্র কোড লিখবে।
Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

# বাংলা
# BENGALI

*নির্ধারিত সময় : 3 ঘন্টা*
*Time allowed : 3 hours*

*সর্বাধিক নম্বর : 80*
*Maximum Marks : 80*

**দ্রষ্টব্য :**

(I) পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **15** টি মুদ্রিত পৃষ্ঠা রয়েছে।

(II) প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতায় ছাত্রছাত্রীরা কোড নম্বরটি লিখবে।

(III) পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **17** টি প্রশ্ন আছে।

(IV) **প্রশ্নের উত্তর লেখা শুরু করার আগে উত্তর-পুস্তিকার যথাস্থানে প্রশ্নের ক্রমিক সংখ্যাটি অবশ্যই লিখবে।**

(V) প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনও উত্তর লেখা চলবে না।

**NOTE :**

(I) Please check that this question paper contains **15** printed pages.

(II) Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.

(III) Please check that this question paper contains **17** questions.

(IV) **Please write down the serial number of the question in the answer-book at the given place before attempting it.**

(V) 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

**General Instructions :**

সাধারণ নির্দেশ :

1. The question paper contains **15** printed pages.
   প্রশ্নপত্রটিতে **১৫**টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

2. The question paper contains **17** questions.
   প্রশ্নপত্রটিতে **১৭**টি প্রশ্ন আছে।

3. The question paper is divided into **two** parts.
   প্রশ্নপত্রটি দুটি ভাগে বিভক্ত।

| | | |
|---|---|---|
| **PART – A** | : Objective type questions (MCQ) | : **25** marks |
| ভাগ – **A** | : বস্তুনিষ্ঠ শ্রেণির প্রশ্ন (MCQ) | : **25** নম্বর |
| **PART – B** | : Descriptive paper | : **55** Marks |
| ভাগ – **B** | : বর্ণনামূলক প্রশ্ন | : **55** নম্বর |

4. **PART – A** has **three** sections :
   ভাগ – **A**-তে তিনটি বিভাগ বর্তমান :

| | | |
|---|---|---|
| **Section – A** | **: Reading (Unseen Comprehension)** | **: 10 Marks** |
| বিভাগ – **A** | : পঠন (অপঠিত গদ্যের বোধপরীক্ষণ) | : **10** নম্বর |
| **Section – B** | **: Grammar** | **: 05 Marks** |
| বিভাগ – **B** | : ব্যাকরণ | : **05** নম্বর |
| **Section – C** | **: Main Course Book** | **: 10 Marks** |
| বিভাগ – **C** | : মূল পাঠ্যপুস্তক | : **10** নম্বর |

**PART – B** has **three** sections :
ভাগ – **B** -তে তিনটি বিভাগ বর্তমান :

| | | |
|---|---|---|
| **Section – B** | **: Grammar** | **: 8 Marks** |
| বিভাগ - **B** | : ব্যাকরণ | : **8** নম্বর |
| **Section – C** | **: Supplementary Reader/Non-detailed Text** | **: 35 Marks** |
| বিভাগ - **C** | : সহায়ক পাঠ / অ-বিস্তারিত পাঠ্য | : **35** নম্বর |
| **Section – D** | **: Creative Writing** | **: 12 Marks** |
| বিভাগ – **D** | : সৃজনমূলক লিখন | : **12** নম্বর |

## PART – A : Objective Type Questions (MCQ)

### Section – A (Reading) (Unseen Comprehension) 2 (5 × 1) = 10

1. নীচের গদ্যাংশ **দুটি** পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো : (MCQ)

(A) এখনও সন্ধ্যা নামতে কিছুটা দেরি। পশ্চিমগামী সূর্য বৈশাখী আকাশে দিনভর খেলেছে। একটা অজানা গন্ধ চারদিকে অয়েল পেইন্টিং-এর মতো করে যেন স্প্রে করে দিয়েছে বনবিবি। সেই গন্ধ সোঁদা। সেই গন্ধ আতঙ্কের। দাঁড়িয়ে গেল নৌকা চালক। একটা বড় টুকরিতে হাত বদল হল কাঁকড়ার ঝাঁক। নুন দিয়ে সেগুলি নিস্তেজ করা হয়েছে। আর তারপরই ঝুপঝাপ বৈঠা মারতে মারতে দ্রুত পাশ কাটিয়ে এগোল নৌকা। আসলে যেখানে বাঘের ভয় সেখানেই তো সন্ধ্যা হয়। সামনে মোহনা। বঙ্গোপসাগরের সঙ্গে সুন্দরবনের এই নদীর মিলনক্ষেত্র। রয়েল বেঙ্গল টাইগারের মোকাবিলায় দুজন রাইফেলধারী কি যথেষ্ট, কে জানে ! ওই রাইফেলের গুলিতে বাঘের গায়ে মাছি বসলে মারা চলবে কিনা সেই নিয়ে রসিকতা আড্ডায় কাটল রাতভর। ভোরের সুন্দরবনের রিংটোন অচেনা-অজানা পাখির ডাকে সেট করা। চড়ায় হেঁটে বেড়াচ্ছে সাইবেরিয়া থেকে এশিয়ার ফেরত না যাওয়া বিভিন্ন প্রজাতির বক। জল থেকে নামার সময় এল সাবধান বাণী। 'ভুল করে পাথর ভেবে যেখানে সেখানে পা ফেলবেন না। একটু দেখে নিতে হবে। অনেক সময় এই বৈশাখেও কুমিরেরা রোদ পোয়াতে আসে কিনা !' খানিক বাদে চাপা গলায় হুঁশিয়ারি এল। 'সর্বদা দল বেঁধে হাঁটুন। ছবি তোলার নেশায় আলাদা হয়ে যাবেন না।'

এখানকার ওয়াচ টাওয়ার থেকে বাঘের জল পান দেখতে মানুষ আসেন। বনকর্মীরা বললেন, বাঘ যেহেতু সবসময় পেছন থেকে আক্রমণ করে সেহেতু জেলে এবং কাঠুরেরা মাথার পিছনে মুখোশ পরে থাকে। এ ব্যবস্থা স্বল্প সময়ের জন্য কাজ করলেও পরে অবশ্য বাঘ এ কৌশল বুঝে ফেলে এবং আবারও আক্রমণ করে। সরকারি কর্মকর্তারা আমেরিকান ফুটবল খেলোয়াড়দের প্যাডের মতো শক্ত প্যাড পরেন যা গলার পেছনের অংশ ঢেকে রাখে। এ ব্যবস্থা করা হয় বাঘের কামড় প্রতিরোধ করার জন্য, যা বাঘের পছন্দের রণকৌশল। সুন্দবনের বাঘ একটা বিরাট এলাকা জুড়ে থাকে আর সেই এলাকার মধ্যে থাকে একাধিক টাইগার ডেন। সেটা আর কিছুই নয়, একটা উঁচু বালির ঢিবির মতো। যেখানে শিকার ধরে টেনে আনে বাঘ। তারপর সেখানে পচায় শিকারকে। বোটকা গন্ধ বেরোলে তখন বাঘের খিদেটাও নাকি জমে !

I. 'একটা অজানা গন্ধ চারদিকে অয়েল পেইন্টিং এর মতো করে যেন স্প্রে করে দিয়েছে বনবিবি'। — এখানে লেখকের কোন ধরনের মানসিকতার প্রকাশ ঘটেছে?

(A) পরিস্থিতি পছন্দ করছেন না।

(B) চারপাশ দেখে আনন্দে অধীর।

(C) এখান থেকে চলে যেতে চাইছেন।

(D) একই সঙ্গে ভয় ও আনন্দ পাচ্ছেন।

II. 'ওই রাইফেলের গুলিতে বাঘের গায়ে মাছি বসলে মারা চলবে কিনা' — এই বাক্যটি দ্বারা বুঝিয়েছে,

(A) বাঘের গায়ে মাছি বসা মাত্র গুলি করা হবে।

(B) গুলি করে মাছি মারা যায় কিনা।

(C) এই রাইফেল দিয়ে বাঘ মারা সম্ভব কিনা।

(D) এই রাইফেল একেবারেই অকেজো।

III. বাঘের পছন্দের রণকৌশল হল —

(A) পিছন দিক থেকে আক্রমণ করা।

(B) সামনাসামনি আক্রমণ করা।

(C) জেলেদের ডিঙিতে উঠে আক্রমণ করা।

(D) কাঠুরেদের মুখোমুখি আক্রমণ করা।

IV. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে ঠিক/ভুল নির্ণয় কর :

"সর্বদা দল বেঁধে হাঁটুন"। এই উক্তির আলোকে কোন মন্তব্যটি ঠিক ?

**মন্তব্য (ক) :** দল বেঁধে হাঁটলে মানুষ সতর্ক থাকবে

**মন্তব্য (খ) :** দল বেঁধে হাঁটলে বাঘ আক্রমণ করবে না

(A) মন্তব্য (ক) ঠিক, কিন্তু মন্তব্য (খ) ভুল।

(B) মন্তব্য (ক) ভুল, কিন্তু মন্তব্য (খ) ঠিক।

(C) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) দুটোই ঠিক।

(D) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) দুটোই ভুল।

V. 'প্রতিরোধ' শব্দটির বিপরীত অর্থের শব্দটি হল —

(A) আপত্তি (B) প্রতিবাদ

(C) বিরোধিতা (D) সমর্থন

(B) গগনকে মানায় রাজার পার্টে - এই কথা বলতেন রবীন্দ্রনাথ। রবীন্দ্রনাথের অনেক নাটকের তো রাজা আছেন - গগনেন্দ্রনাথ তাই সাজতেন। যখন রাজার পার্ট পাওয়া যেত না অথচ গগনেন্দ্রনাথকে নামাতে হবে, তখনই হত মুশকিল। যেমন একবার হয়েছিল শারদোৎসব নিয়ে। রবীন্দ্রনাথ শান্তিনিকেতনের দলবল নিয়ে জোড়াসাঁকোয় এসেছেন শারদোৎসব অভিনয় করতে। এসে মনে পড়েছে ভাইপোদের কথা। গগনকে শারদোৎসবের মধ্যে ঢুকিয়ে দিতে হবে। শারদোৎসবে একজন রাজ চক্রবর্তী আছেন বটে কিন্তু তিনি তো ছদ্মবেশে আছেন সন্ন্যাসী সেজে। ওতে গগনেন্দ্রনাথকে মানাবে না। কাজেই লিখতে হল এক আসল রাজার পার্ট। বড় দাদামশায় গগনেন্দ্রনাথ সাজলেন রাজা, মেজদাদামশায় সমরেন্দ্রনাথ সাজলেন মন্ত্রী। স্টেজে নেমে বড় দাদা মশাই সত্যিকারের রাজা হয়ে যেতেন। সাজে-পোশাকে, চেহারায়, গলার স্বরে, দেহ বিক্ষেপে, বাহু ভঙ্গিতে কী যে হয়ে যেতেন আমরা আর চিনতে পারতুম না। মনে হত না অভিনয় করছেন। হাত পা ছুঁড়ে, গলা কাঁপিয়ে, দর্শকদের মন স্পর্শ করে বড় অভিনেতা অভিনেত্রী তো অভিনয় করে যান দেখি, কিন্তু সেই ছেলেবেলায় দেখা বড় দাদামশায়ের রাজার পার্ট যেমন মনের মধ্যে এখনও গেঁথে আছে, এমন তো কখনটি হল না।

জোড়াসাঁকোর বাড়িতে জন্মেছিলেন সমরেন্দ্র গগনেন্দ্র অবনীন্দ্রনাথ। এই তিন ভাই যখন জোড়াসাঁকোর পাঁচ নম্বর বাড়ি আলো করে থাকতেন তখন সেখানে নানা জ্ঞানীগুণী শিল্পী লেখক দেশ-বিদেশ থেকে সমাগত হতেন। ছাত্র এবং ভক্তেরা হাতের কাজ দেখতে মৌচাকের পাশে মৌমাছির মতো ভিড় করে আসতেন। শোনা যায় অবনীন্দ্রনাথ যখন ইউরোপীয় শিক্ষকের কাছে ছবি লেখার প্রথম পাঠ নিচ্ছিলেন, তখন এক উত্তরের ঘরে তুলি রং বোর্ড সাজিয়ে ইউরোপীয় প্রথা অনুযায়ী "নর্থ লাইটে" ছবি লেখার চর্চা শুরু করেছিলেন। কিছুদিনের মধ্যেই বুঝলেন, এদেশে ও সব নিরর্থক। চওড়া চৌকিতে পা গুটিয়ে বসলেন দক্ষিণের বারান্দায়। কোথায় গেল নর্থ লাইট। ফুরফুরে দক্ষিণের হাওয়া খেতে খেতে চলল ছবি আঁকা আর সেই সঙ্গে আলোচনা গল্প হাসি। মুখ বুজে কাজ করতেন না কেউ, দাদামশায়ও নন, বড় দাদা মশায়ও নন। **5 × 1 = 5**

I. রবীন্দ্রনাথের নাটকে রাজার পার্ট নেই অথচ গগনেন্দ্রনাথকে নামাতে হবে, এমন সময় তিনি কী করতেন ?

(A) অন্যের জন্য লেখা রাজার পার্টটি গগনেন্দ্রনাথকে দিয়ে দিতেন।

(B) সমরেন্দ্রনাথকে দিতেন রাজার পার্ট।

(C) গগনেন্দ্রনাথের জন্য আলাদা করে রাজার পার্ট লিখতেন।

(D) পরবর্তী নাটকে গগনেন্দ্রনাথকে রাজার পার্ট দিতেন।

II. বড়দাদামশাইয়ের রাজার পার্ট অন্যদের চেয়ে আলাদা হত কারণ –

(A) হাত পা ছুঁড়ে, গলা কাঁপিয়ে তিনি দর্শকদের মন ভোলাতেন।

(B) মনেই হত না তিনি অভিনয় করছেন।

(C) তিনি নতুন ধরনের অভিনয়ের স্টাইল আবিষ্কার করেছিলেন।

(D) তার অভিনয় একেবারেই কারোর পছন্দ হত না।

III. 'অবনীন্দ্রনাথ ইউরোপীয় ধরনের নর্থ লাইটে ছবি লেখার চর্চা শুরু করেছিলেন' – পরবর্তীকালে কী হল ?

(A) এই প্রথা তিনি আজন্ম অভ্যাস করেছিলেন।

(B) ইউরোপীয় শিক্ষকদের কাছে এই প্রথা শেখার জন্য তিনি কৃতজ্ঞ ছিলেন।

(C) কিছুদিনের মধ্যেই বুঝলেন এদেশে ওই প্রথা নিরর্থক।

(D) ফুরফুরে দক্ষিণের হাওয়া খেতে খেতে চলল ছবি আঁকা।

IV. 'ছাত্র এবং ভক্তেরা হাতের কাজ দেখতে মৌচাকের পাশে মৌমাছির মত ভিড় করে আসতেন'। উক্তিটির আলোকে মন্তব্য দুটির ঠিক/ভুল নির্ণয় কর –

**মন্তব্য (ক)** : বিখ্যাত তিন শিল্পী ভাই নিজেদের মতো করে বাংলার শিল্প জগতে আলো ছড়িয়ে দিচ্ছিলেন।

**মন্তব্য (খ)** : বিখ্যাত তিন শিল্পী ভাই চারপাশে ছাত্র ভক্তদের ডেকে আনতেন।

(A) মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল

(B) মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক

(C) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) দুটোই ঠিক

(D) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) দুটোই ভুল

V. 'চওড়া চৌকিতে পা গুটিয়ে বসলেন দক্ষিণের বারান্দায়'। - চলিত বাক্যটির যথার্থ সাধু রূপ হল –

(A) চওড়া চৌকিতে পা গুটাইয়া বসলেন দক্ষিণের বারান্দায়

(B) চওড়া চৌকিতে পা গুটাইয়া বসিলেন দক্ষিণের বারান্দায়

(C) চওড়া চৌকিতে পা গুটাইয়া বসাইলেন দক্ষিণের বারান্দায়

(D) চওড়া চৌকিতে পা গুটিয়ে বসিলেন দক্ষিণের বারান্দায়

## Section – B (Grammar)

2. **যে কোনো পাঁচটি** বাগ্‌ধারা/প্রবাদের সঠিক উত্তর বেছে লেখো : (MCQ) **5 × 1 = 5**

I. "মুখে মিষ্টি অন্তরে বিষ" বোঝাতে কোন বাগধারাটি প্রয়োগ করা হবে ?

(A) মিছরির ছুরি

(B) দু-মুখো সাপ

(C) অমাবস্যার চাঁদ

(D) বসন্তের কোকিল

II. নীচের কোন বাক্যটিতে 'অকালকুষ্মাণ্ড' বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে ?

(A) একেবারে অকালকুষ্মাণ্ড, এটা খাওয়া ঠিক হবেনা।

(B) অকালকুষ্মাণ্ডের মতো অসৎ আচরণ কোরো না।

(C) অকালকুষ্মাণ্ড না করে নিজের কাজ করো।

(D) অমন আকালকুষ্মাণ্ড ছেলে হয়েছে, একে দিয়ে কোন ভালো কাজ করাতে পারবে না।

III. 'পাকা ধানে মই' বাগধারাটির অর্থ ?

(A) পাকা ধান নষ্ট হওয়া

(B) শেষ হয়ে আসা কাজ নষ্ট করা

(C) নানাভাবে বিরক্ত করা

(D) ঈর্ষা করা

IV. "সমস্ত পরিশ্রম পন্ড হওয়া" বোঝাতে কোন বাগধারাটির প্রয়োগ হবে ?

(A) ভস্মে ঘি ঢালা
(B) ছাই চাপা আগুন
(C) মাটির মানুষ
(D) গভীর জলের মাছ

V. যা শিখিয়েছিলাম, সবই দেখছি ভুলে গেছো, এখন আবার __________ করা ছাড়া উপায় কী ? – শূন্যস্থান হবে।

(A) তীর্থের কাক
(B) কূপমণ্ডুক
(C) উলুবনে মুক্তো ছড়ানো
(D) কেঁচে গন্ডুষ

VI. 'অরণ্যে রোদন' বাগধারাটি দিয়ে বাক্য রচনা করলে কোন বাক্যটি ঠিক হবে ?

(A) সোমা খেলায় জিতে এখন অরণ্যে রোদন করে বেড়াচ্ছে।
(B) লোকটি প্রচুর অর্থ খরচ করে অরণ্যে রোদন করছে।
(C) অরণ্যে রোদনের মতো খারাপ কিছুই নেই।
(D) কৃপণের কাছে কিছু চাইতে যাওয়া অরণ্যে রোদন ছাড়া কিছুই নয়।

VII. "আঠারো মাসে বছর" এই প্রবচনটি নীচের কোন বাক্যটিতে উপযুক্ত রূপে ব্যবহৃত হয়েছে ?

(A) স্মিতার "আঠারো মাসে বছর", সে অতি দেরি করে শেষ করবে।
(B) মিতার "আঠারো মাসে বছর" সে বড় রাগী।
(C) আকাশের "আঠারো মাসে বছর" সে অতি তাড়াতড়ি করে ফেলবে।
(D) দোলনের "আঠারো মাসে বছর" সে দু-দিক বজায় রাখতে পারবে না।

VIII. "ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে" প্রবচনটি কোন অর্থে প্রযুক্ত হয় –

(A) স্বর্গে নিয়ে গেলেও ঢেঁকি কাজ করে
(B) ভিন্ন পরিবেশেও স্বভাব অপরিবর্তনীয়
(C) সামান্য কিছু দাবি করা
(D) কারোর সবকিছু নিয়ে নেওয়ার ইচ্ছা

## Section – C (Main Course Book)

3. পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির ঠিক উত্তরটি বেছে লেখো **(যে কোনো পাঁচটি)** (MCQ) :

**5 × 1 = 5**

I. মহম্মদের পিতার নাম কী ?

(A) ঔরঙ্গজেব (B) মোরাদ

(C) সুজা (D) শাজাহান

II. তাঁরা সময়মতো মাপজোখ করে খাওয়া দাওয়া করেন - সকাল-সন্ধ্যে বেড়াতে যান। যাঁরা এমন করেন তারা রজনীকান্তর –

(A) সহ অভিনেতা (B) আত্মীয়-স্বজন

(C) পুলিশ জীবনের বন্ধু (D) সমবয়সীরা

III. 'শিল্পকে যে মানুষ ভালোবেসেছে তার বার্ধক্য নেই কালীনাথ, একাকীত্ব নেই' এই উক্তির আলোকে মন্তব্য দুটির ঠিক/ভুল নির্ণয় কর

**মন্তব্য (ক) :** শিল্পীর জীবনে নিঃসঙ্গতা কাটাবার উপায় তার অভিনয়

**মন্তব্য (খ) :** শিল্পীর জীবনে নিঃসঙ্গতা আসবেই

(A) মন্তব্য (ক) ঠিক (খ) ভুল

(B) মন্তব্য (ক) ভুল (খ) ঠিক

(C) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ঠিক

(D) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ভুল

IV. "আর ক-পা এগোলেই শ্মশানের চিতার আঁচ লাগবে গায়। (দীর্ঘশ্বাস ফেলে) ঝলসে দেবে আমাকে"। - বক্তার কোন ধরনের মনোভাবের প্রকাশ ঘটেছে ?

(A) করুণা (B) অভিমান

(C) ক্রোধ (D) বিরক্তি

V. ‘প্রম্পটার’ বলে তাদের –

(A) যিনি নাটকের পরিচালক

(B) যিনি মঞ্চের পাশ থেকে সংলাপ ধরিয়ে দেন

(C) যিনি মঞ্চের পাশ থেকে আলো ফেলেন

(D) যিনি মঞ্চের পেছনের সবকিছু সামলান

VI. ‘তখন তো আমার বয়সও বেশি না, সামনে পড়ে রয়েছে ব্রিলিয়ান্ট ফিউচার।’ – ‘নানা রঙের দিন’ নাটকের এই উক্তিটির বক্তা কে ?

(A) রজনীকান্ত (B) কালীনাথ

(C) বক্তিয়ার (D) ওথেলো

4. পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো **(যে কোনো পাঁচটি)** (MCQ) :

**5 × 1 = 5**

I. “আজ তারা গর্ব করে বলে, বন্দরের ভদ্রলোকেরা আজ আর আমাদের তুই-তুকারি করতে সাহস পায় না।” – কেন পায় না ?

(A) তারা লড়াই করে নিজের অধিকার বুঝে নিয়েছে।

(B) জমিদার তাদের অধিকার দিয়েছে।

(C) সময় বদলায়নি

(D) বন্দরের ভদ্রলোকেরা তাদের ভুল বুঝতে পেরেছে।

II. “বিরসা মুণ্ডার বংশধরেরা ভগীরথের মতো মাটির নীচে বয়ে নিয়ে যাবে রক্তগঙ্গাকে।” – উক্তিটির আলোকে নীচের মন্তব্যগুলির ঠিক/ভুল নির্বাচন করো।

**(ক) :** বিরসা মুণ্ডার বংশধরেরা পাতালপুরীর রাজত্বে প্রতিবাদ বয়ে নিয়ে যাবে।

**(খ) :** বিরসা মুন্ডার বংশধরেরা পাতাল পুরীর রাজত্বে গঙ্গাকে নিয়ে যাবে।

মন্তব্যের প্রেক্ষিতে ঠিক/ভুল উত্তর নির্বাচন কর –

(A) (ক) ঠিক, (খ) ভুল (B) (ক) ভূল, (খ) ঠিক

(C) (ক) এবং (খ) দুটোই ঠিক (D) (ক) এবং (খ) দুটোই ভুল

III. "বেতের ঝুড়ি পিঠে বেঁধে কাজ করছে কুলিকামিনেরা।" – তারা কোথায় কাজ করছে ?

(A) কফির বাগানে (B) খনির পাতালে

(C) গারো পাহাড়ে (D) চা বাগানে

IV. "কিন্তু হাতিবেগার আর চলল না।" – হাতিবেগার চলল না কেন ?

(A) প্রজাদের হাতে জমিদারের হার হল।

(B) জমিদারের হাতে প্রজাদের হার হল।

(C) জমিদার জিতে গেলেও এই অন্যায় আর চলবে না বুঝতে পারল।

(D) ইংরেজ সরকার হাতি বেগার উঠিয়ে দিল।

V. 'একটা সীমাহীন নীল সমুদ্র যেন আহ্লাদে হঠাৎ সবুজ হয়ে গেছে।' – 'আহ্লাদে সবুজ' বলতে এখানে কী বোঝানো হয়েছে ?

(A) গাছে ভরা মাঠ (B) ধানক্ষেত

(C) সমুদ্রের ঢেউ (D) গভীর অরণ্য

VI. "মনে হল দু'ঘণ্টার জন্য যেন নরক বাস করে এলাম।" – বক্তা কোথায় নরকবাস করে এলেন ?

(A) উপর ও নীচু ধাওড়ায় (B) হাসপাতালে

(C) খনির ভিতরে (D) পরিহারপুরে

## PART – B (Descriptive Paper)

## Section – B (Grammar)

5. ধ্বনি বিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যে-কোনো একটির দু'টি উদাহরণ সহ সংজ্ঞা লেখো : **(2+2)×1=4**

স্বরসঙ্গতি **অথবা** অভিশ্রুতি **অথবা** অপিনিহিতি

6. শব্দার্থতত্ত্বের নিম্নলিখিত প্রকারভেদগুলির যে-কোনো **একটির** তিনটি উদাহরণ সহ সংজ্ঞা লেখো। **(2+2)×1=4**

শব্দার্থের সংকোচন **অথবা** শব্দার্থের উৎকর্ষ

## Section – C

## (Supplementary Reader/Non-detailed text)

7. "মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয়" **2 + 3 = 5**

   (a) মৃত্যুঞ্জয়ের পরিচয় দাও।

   (b) মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয় কেন ?

   **অথবা/OR**

   "লক্ষ্মী না আসতে সেধে ভাসান যাচ্ছে তা কাঁদব না এতটুকু ? আমরা খাব কি ?"

   (a) লক্ষ্মী বলতে এখানে কি বোঝানো হয়েছে ?

   (b) উক্তিটির মাধ্যমে বক্তা কী বোঝাতে চেয়েছেন ?

8. "বুড়ি, ঘুরে বলল, তোরা মর, তোদের শত গুষ্টি মরুক।" – বুড়ির এমন আচরণের কারণ কী ? **2**

9. "তর্কাতর্কি উত্তেজনা হল্লা চলতে থাকল। তারপর দেখা গেল একদল লোক সেই বাঁশের চ্যাংদোলাটা নিয়ে টানাটানি শুরু করেছে"। – কোন ঘটনার প্রেক্ষিতে লেখকের এই উক্তি ? **3**

   **অথবা/OR**

   "উনি হলেন দেবতার সেবিকা।" দেবতার সেবিকার পরিচয় দাও।

10. প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা কর – **5**

    "জানিলাম এ জগৎ স্বপ্ন নয়"

    **অথবা/OR**

    "গাছ আনো, বাগানে বসাও"

11. "ক্রন্দনরতা জননীয় পাশে" কবিতায় সমাজ ও মূল্যবোধের কথা কেন বলেছেন কবি ? **3**

    **অথবা/OR**

    "রূপনারানের কূলে" কবিতায় সত্যকে কঠিন বলেছেন কেন কবি ?

12. I. "সোনা ঝকঝকে লিমা যারা বানিয়েছিল তারা থাকত কোন বাসায় ?" **2 + 3 = 5**

(a) লিমা সম্পর্কে কী জানো ?

(b) এখানে কবি কী বলতে চেয়েছেন নিজের ভাষায় লেখো।

**অথবা/OR**

II. "পাতায় পাতায় জয় জয়োৎসবের ভোজ বানাত কারা ?"

(a) কবির কথা অনুযায়ী জয়োৎসবের ভোজ বানাত কারা ?

(b) এই পংক্তির মাধ্যমে কবি কোন বিষয়ে প্রশ্ন তুলেছেন?

13. I. "থিয়েটারের দেওয়ালে দেওয়ালে অঙ্গারের গভীর কালো অক্ষরে লেখা আমার জীবনের পঁয়তাল্লিশটা বছর" **2 + 3 = 5**

(a) বক্তার পরিচয় দাও।

(b) প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি বুঝিয়ে দাও।

**অথবা/OR**

II. "একটা মেয়ে ! জানো কালীনাথ, একটা মেয়ে" –

(a) মেয়েটি কে ?

(b) রজনীবাবুর জীবনে মেয়েটির পরিচয় দাও।

14. I. 'এদিকে আরেক রকমের প্রথা আছে, নানকার প্রথা' **2 + 3 = 5**

(a) নানকার প্রথা কাকে বলে ?

(b) শেষ অবধি এই প্রথার পরিণতি কী হল ?

**অথবা/OR**

II. 'এরা সব সাধুচরণের অতীত, সাধুচরণ এদের ভবিষ্যৎ।'

(a) 'এরা' বলতে কাদের বোঝানো হয়েছে ?

(b) প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির অর্থ বুঝিয়ে দাও

15. 'অবাক লাগল-এ কেমন বাংলাদেশ !' – এখানে কোন বাংলাদেশর কথা বলা হয়েছে ? **2**

**অথবা/OR**

'বাংলাদেশে থাকলেও ওদের আমরা আপন করে নিইনি।' – 'ওদের' বলতে কাদের কথা বলা হয়েছে?

## Section – D
## (Creative Writing) প্রতিবেদন

16. নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 + 2 + 3 = 6**

কালচিনি; নিজস্ব সংবাদদাতা ঃ গাড়ির যাতায়াত নেই পার্বত্য গ্রামগুলিতে। কেউ অসুস্থ হলে স্ট্রেচার বা 'পালকি অ্যাম্বুল্যান্সে চাপিয়ে, কাঁধে-করে পাহাড়ি পথ বেয়ে নামিয়ে আনা হয় সমতলে। তার পরে সড়কপথে নিয়ে যাওয়া হয় নিকটবর্তী হাসপাতালে।'

কিন্তু একনাগাড়ে বৃষ্টিতে প্রায় নিশ্চিহ্ন হয়ে গিয়েছে সেই পথ। গোটা রাস্তা জুড়ে বড়-বড় পাথরের চাঙর আর গর্ত। এই অবস্থায় বন দফতরের কাছে বক্সা পাহাড়ের ভিউ পয়েন্ট থেকে সদর বাজার পর্যন্ত রাস্তা তৈরির আবেদন জানালেন যৌথ বন সুরক্ষা কমিটির সদস্যরা।

২০২১ সালে প্রশাসন এবং স্বাস্থ্য পরিষেবা সংগঠন 'ফ্যামিলি প্ল্যানিং অ্যাসোসিয়েশনের' সহযোগিতায় এই পাহাড়ি গ্রামের বাসিন্দাদের জন্য দেওয়া হয়েছিল পালকি অ্যাম্বুল্যান্স। অভিযোগ, শুরুর দিকে এই পালকি অ্যাম্বুল্যান্সের ওজন বেশি থাকায় রোগীকে কাঁধে করে নীচে নামিয়ে আনতে সমস্যায় পড়তে হচ্ছিল। পরে সেই অ্যাম্বুল্যান্সের ওজন কমিয়ে ৪০ কেজির কাছাকাছি করা হয়। কিন্তু যাতায়াতের রাস্তা সংকীর্ণ ও বেহাল হওয়ায় তার পরেও রোগীদের সমতলে নামিয়ে আনতে সমস্যায় পড়তে হচ্ছিল স্থানীয় বাসিন্দাদের। বাসিন্দাদের এই সমস্যার কথা মাথায় রেখে গত বছর জেলা প্রশাসনের তরফে বক্সার জিরো পয়েন্ট থেকে ভিউ পয়েন্ট পর্যন্ত প্রায় ১০০ মিটার রাস্তা তৈরি করা হয়। কিন্তু টানা বৃষ্টিতে সেই রাস্তা প্রায় মুছে গিয়েছে। এ বিষয়ে রাজাভাতখাওয়া গ্রাম পঞ্চায়েত প্রধান সোনাম ডুকপা বলেন, "বন দফতরের অনুমতি না মেলায় কংক্রিটের রাস্তা তৈরি হয়নি। সে কারণেই বৃষ্টিতে রাস্তা ধুয়ে গিয়েছে। গ্রাম পঞ্চায়েত থেকে শীঘ্রই সেখানে রাস্তায় সংস্কার কাজ শুরু হবে।"

বক্সাদুয়ার যৌথ বনসুরক্ষা কমিটির সভাপতি ইন্দ্র শংকর থাপা বলেন, "প্রথম পর্যায়ে এই ৩০০ মিটার সড়ক তৈরির পরিকল্পনা রয়েছে আমাদের। এ বিষয়ে মৌখিক ভাবে বন দফতরকে জানালেও শীঘ্রই লিখিত ভাবে আবেদন করব। আশা করছি তারা আমাদের এই আর্জি মানবেন।" এ বিষয়ে বক্সা ব্যাঘ্র প্রকল্পের এডি.এফ.ও. (পূর্ব) পরিজিৎ বসু বলেন, "এখনও লিখিত ভাবে আবেদন পাইনি। পেলে নিশ্চয়ই গুরুত্ব সহকারে দেখব।"

**প্রশ্ন :**

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

(b) পালকি অ্যাম্বুল্যান্স কীভাবে কাজ করে ?

(c) তিনটি বাক্যে বিষয়টির ওপর আলোকপাত করো।

17. তোমার দিদি বয়স্ক মানুষদের জন্যে একটি সেলাই ও হাতের কাজ শেখানোর ক্লাস শুরু করবেন। এ বিষয়ে একটি বিজ্ঞাপন প্রস্তুত করো। (৫০টি শব্দের মধ্যে) **6**

**অথবা/OR**

একটি ট্যুর এন্ড ট্রাভেলস কোম্পানি বিভিন্ন দেশ ও ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ঘুরতে নিয়ে যাওয়ার জন্য কিছু অফার দিচ্ছে - এই মর্মে একটি বিজ্ঞাপন প্রস্তুত করো। (৫০টি শব্দের মধ্যে)